

উপজেলাসমবায় কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জএর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপজেলা সমবায় কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জ এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :

সমবায়কে উন্নয়ন মুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, শ্রীনগর, মুন্সীগঞ্জ বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে। কর্মকর্তা গণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতেও এর গুণগত মানউন্নয়নে এ বিভাগে উৎপাদনমুখী ও সেবামুখী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়কভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ০৪টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৮০ জন কে নতুনভাবে সমবায় সদস্যভুক্ত করা হয়েছে। ২০১৯-২০ সনে ৫৫টি এবং ২০২০-২১ সনে ৬০টি ২০২১-২২ সনে ৬৫টি মোট ১৮০ টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ৩০০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও 'রূপকল্প ২০৪১', 'এসডিজি' অর্জন এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ দপ্তরের মাধ্যমে পরিচালনা ও বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে আশ্রয়ন প্রকল্পে ৫৬ জন আশ্রয়ণবাসী গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ন প্রকল্পের আওতায় বিগত ০৩ বছরে ২,৭০,০০০/- টাকা ঋণ বিতরণ সহ সর্বমোট এ পর্যন্ত ২৮,৬,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করে ১৭,৩২,৬৭৩/- টাকা ঋণের আসল আদায় করা হয়েছে।